# ১৫ আগস্ট উপলক্ষে জবিতে নিষিদ্ধ ছাত্রলীগের ব্যানার




ছবি: সংগৃহীত

১৫ আগস্ট উপলক্ষে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) তৃতীয় গেটের পাশে শেখ মুজিবুর রহমান, শেখ ফজিলাতুন্নেছা মুজিবসহ নিহত পরিবারের সদস্যদের স্মরণে একটি ব্যানার টানানো হয়েছে। নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের পক্ষ থেকে ব্যানারটি টানানো হয়েছে বলে জানা গেছে।

শুক্রবার (১৪ আগস্ট) সকালে বিশ্ববিদ্যালয়ের তৃতীয় গেটসংলগ্ন ফুটওভারব্রিজের পাশে বিশ্বজিৎ চত্বরে ব্যানারটি দেখা যায়।

ব্যানার টানানোর সময় জগন্নাথ বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক আশিক-ই-আতাহার মেসবাহ ও যুগ্ম সাধারণ সম্পাদক মেহেদি হাসান সেখানে উপস্থিত ছিলেন।

এ সময় আশিক-ই-আতাহার মেসবাহ বলেন, ১৫ আগস্ট বাংলাদেশের ইতিহাসে একটি বেদনাবিধুর দিন। শেখ মুজিবুর রহমান, শেখ ফজিলাতুন্নেছা মুজিব এবং পরিবারের অন্য সদস্যদের হত্যাকাণ্ড দেশের ইতিহাসে গভীর ক্ষত তৈরি করেছে। এ ঘটনা থেকে শিক্ষা নিয়ে শোককে শক্তিতে পরিণত করার আহ্বান জানান তিনি।

তিনি আরও বলেন, ইতিহাসকে ভুলে না গিয়ে গণতন্ত্র, মানবিকতা ও আইনের শাসনের প্রতি মানুষের আস্থা আরও জোরালো করা প্রয়োজন।

অন্যদিকে মেহেদি হাসান বলেন, ১৫ আগস্ট শুধু শোক প্রকাশের দিন নয়, এটি দেশের রাজনৈতিক ইতিহাসের একটি গুরুত্বপূর্ণ ও সতর্কতামূলক অধ্যায়। শেখ মুজিবুর রহমানকে হত্যার মাধ্যমে তার রাজনৈতিক আদর্শকে শেষ করা সম্ভব হয়নি বলেও দাবি করেন তিনি।

তিনি আরও বলেন, বর্তমান প্রজন্মের নেতাকর্মীদের দায়িত্ব হলো অতীতের ঘটনাগুলো স্মরণ করার পাশাপাশি মুক্তিযুদ্ধের চেতনা ও মানুষের অধিকারকে সামনে রেখে ভবিষ্যতের বাংলাদেশ গঠনে ভূমিকা রাখা।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. মো. আজম খানের সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হলেও তার কোনো বক্তব্য পাওয়া যায়নি।